২৭০৬২

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/পটুয়াখালী-১২/ ৪১৪/৬ তারিখঃ ১০/০৮/২০১৭খ্রিঃ

**বিষয়ঃ রিট পিটিশন নং- ১৫১৫৬/২০১৬ এ প্রদত্ত ১৭/০১/২০১৭ খ্রিঃ তারিখের আদেশ মোতাবেক পটুয়াখালী জেলার দুমকি উপজেলাধীন উত্তর মুরাদিয়া বশিরিয়া দারুচ্ছুন্নাত আলিম মাদরাসার সহঃ শিক্ষিকা (সমাজ বিজ্ঞান) মোসাঃ নাহিদ আক্তার লিটির ৩রা নভেম্বর ২০১৬ এর আবেদন (এনেক্সার-কে) নিস্পত্তি প্রসঙ্গে।**

সূত্রঃ ১) রিট পিটিশন নং- ১৫১৫৬/২০১৬ এ প্রদত্ত ১৭/০১/২০১৭খ্রিঃ তারিখের আদেশ।
২) নং- বামাশিবো/প্রশা/পটুয়াখালী-১২/২৩৭৯/৩; তারিখঃ ১৩/০২/২০১৭খ্রিঃ
৩) নং- বামাশিবো/প্রশা/পটুয়াখালী-১২/২৬৭২; তারিখঃ ০৩/০৮/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার দুমকী উপজেলাধীন উত্তর মুরাদিয়া দারুসসুন্নাত আলিম মাদরাসা এর সহকারী শিক্ষক মোসাঃ নাহিদ আক্তার লিটি কর্তৃক রিট পিটিশন নং- ১৫১৫৬/২০১৬ দায়ের করা হলে মহামান্য হাইকোর্ট কর্তৃক তাঁর দাখিলকৃত ০৩.১১.২০১৬ খ্রিঃ তারিখের দরখাস্ত পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের নং-শিম/শাঃ/ডিআই/এ-৩/২০০৮/২৮৯; তারিখঃ ০৫/০৭/২০১০ (এনেক্সার-এম) অনুযায়ী নিস্পত্তি করার জন্য আদেশ জারি করা হয়। রিট পিটিশনে বর্ণিত ০৩.১১.২০১৬খ্রিঃ তারিখের দরখাস্তটি নথীতে না পাওয়ায় উক্ত দরখাস্তের সত্যায়িত Receive Copy সমর্থনীয় কাগজপত্রসহ পুনরায় দাখিল করার জন্য মোসাঃ নাহিদ আক্তার লিটিকে এবং উক্ত পত্রে বর্ণিত অভিযোগ ও বক্তব্য বিষয়ে মাদরাসার অধ্যক্ষকে সমর্থনীয় কাগজপত্র বোর্ডে দাখিল করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে অভিযোগকারী মোসাঃ নাহিদ আক্তার লিটি ও অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত লিখিত বক্তব্য/জবাব পর্যালোচনায় বোর্ড কর্তৃপক্ষের নিকট সাংঘর্ষিক মর্মে প্রতীয়মান হয়।

উক্ত বিষয়টি অভিযোগকারীর চাকুরীর সাথে সম্পর্কিত হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে গভার্ণিং বডির সভাপতি, অধ্যক্ষ ও অভিযোগকারীকে মুখোমুখি শুনানীর জন্য নিজ নিজ দাবীর পক্ষে প্রয়োজনীয় কাগজপত্রসহ ১০-০৮-২০১৭খ্রিঃ তারিখ বোর্ডে উপস্থিত থাকার জন্য সূত্রোক্ত ৩নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উভয়পক্ষ উপস্থিত হয়ে স্বীয় দাবীর পক্ষে বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র বোর্ডে দাখিল করেন।

মোসাঃ নাহিদ আক্তার লিটি তার বক্তব্যে জানান যে, তিনি যথাযথভাবে নিয়োগপ্রাপ্ত হয়ে উত্তর মুরাদিয়া বশিরিয়া দারুসসুন্নাত আলিম মাদরাসায় সহকারী শিক্ষক (সমাজ) হিসেবে ২৪/১২/২০০৯ সালে যোগদান করেন এবং ০১/১১/২০১০ সালে এমপিও ভুক্ত হন। তিনি আরও জানান যে, ২০০৮ সনের নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ হয়ে এনটিআরসিএ থেকে সনদ প্রাপ্ত হন, কিন্তু ২০১৪ সালে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক মাদরাসাটি অডিট করা হলে এনটিআরসিএ হতে প্রাপ্ত তাঁর নিবন্ধন সনদটি সঠিক নয় মর্মে প্রতিবেদন দেয়। এ বিষয়ে তিনি ব্রডশিট জবাব দিয়েছেন, কিন্তু সেপ্টেম্বর ২০১৬ থেকে তার বেতন-ভাতা প্রতিষ্ঠান দিচ্ছে না। অধ্যক্ষ মহোদয় জানিয়েছেন যে, আইনের মাধ্যমে মীমাংসা করে আসতে তাই তিনি রিট পিটিশন নং- ১৫১৫৬/২০১৬ দায়ের করেছেন।

অপরদিকে উত্তর মুরাদিয়া বশিরিয়া দারুসসুন্নাত আলিম মাদরাসার অধ্যক্ষ জনাব মোঃ আব্দুল কাদের তার বক্তব্যে জানান যে, মোসাঃ নাহিদ আক্তার লিটি ২৪/১২/২০০৯ সনে মাদরাসায় সহকারী শিক্ষক (সমাজ) হিসেবে যোগদান করেন যথারীতি এমপিওভুক্ত হয়ে বেতন-ভাতাদি গ্রহণ করে আসছিলেন কিন্তু ২০১৪ সালে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা এর প্রতিবেদনে তার সনদটি সঠিক না থাকায় গৃহীত সকল টাকা ফেরতের সুপারিশ করে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা না পাওয়ায় তার বেতন ভাতা বন্ধ করা হয়নি, আগষ্ট/২০১৬ পর্যন্ত বেতন-ভাতা প্রদান করা হয়েছে। পরবর্তীতে ৭১ টিভি ও দৈনিক যুগান্তর পত্রিকায় এ বিষয়ে সংবাদ প্রকাশিত হলে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তাকে ডেকে মোসাঃ নাহিদ আক্তার লিটির বেতন বন্ধ করতে নির্দেশ দেয়, ফলে ১০/১০/২০১৬ তারিখে গভার্ণিং বডির সভায় তার বেতন ভাতা বন্দ রাখার সিদ্ধান্ত হয়। অতপর উপজেলা

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


অধ্যক্ষ তার বক্তব্যে আরও জানান যে, ১০/১০/২০১৬খ্রিঃ তারিখে ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক মোসাঃ নাহিদ আক্তার লিটি-র বেতন-ভাতা স্থগিত করা হয়েছে। কিন্তু মহামান্য হাইকোর্টের রিট থাকায় তাকে সাময়িক বরখাস্ত বা চূড়ান্ত বরখাস্ত করা হয়নি। তিনি জানান মোসাঃ নাহিদ আক্তার লিটি ০১/০৯/২০১৬ তারিখ থেকে ০৬/১০/২০১৬ তারিখ পর্যন্ত স্বেচ্ছায় মাদরাসায় অনুপস্থিত ছিলেন। ০৮/১০/২০১৬ ও ০৯/১০/২০১৬ তারিখে তিনি মাদরাসায় এসে হাজিরা খাতায় স্বাক্ষর দেন এবং ০১/০৯/২০১৬ থেকে ৩০/০৯/২০১৬ তারিখ পর্যন্ত চিকিৎসা ছুটির জন্য আবেদন করেন। ১০/১০/২০১৬ তারিখে হাজিরা খাতায় স্বাক্ষর দিয়ে ঐ তারিখেই গভার্ণিং বডির মিটিং উপস্থিত থেকে এবং তার বিষয়ে সিদ্ধান্ত জেনেই তারপর থেকে তিনি আর মাদরাসায় আসেননি এবং স্বাক্ষরও করেননি।

প্রাপ্ত জবাব ও সমর্থনীয় কাগজপত্র এবং শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, এনটিআরসিএ কর্তৃক স্মারক নং-বেশিনিক/শি.শি/সনদ যাচাই(সকল)/৬২২/২০১৭/২৭; তারিখঃ ৩১ জানুয়ারি ২০১৭ এর ০১ নং ক্রমিকে এবং স্মারক নং-বেশিনিক/শি.শি/সনদ যাচাই(সকল)/৫০৯(অংশ-৩)/২০১৫/২৩৬; তারিখঃ ২০ ডিসেম্বর ২০১৭ এর ১৭ নং ক্রমিকে মোসাঃ নাহিদ আক্তার লিটি এর নামে **'সনদটি সঠিক নয় (উত্তীর্ণ রোলধারী অন্য ব্যক্তি)'** উল্লেখ থাকায় বোর্ড কর্তৃক তাঁকে বেতন-ভাতাসহ একাডেমিক কার্যক্রমে অংশগ্রহণ সংক্রান্ত আবেদন মঞ্জুর/বিবেচনা করার আইনগত সুযোগ নেই মর্মে জানিয়ে তাঁকে দেওয়া হলো। উক্তরূপভাবে সৃজিত সনদ দ্বারা নিয়োগ দানের বিষয়ে মাদরাসার অধ্যক্ষসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে কেন বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়া হয়নি তৎমর্মে ০৭ (সাত) দিনের মধ্যে মাদরাসার অধ্যক্ষ ও ম্যানেজিং কমিটির সভাপতিকে সুনির্দিষ্ট জবাব বোর্ডে দাখিল করার জন্য বলা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

30.08.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) মোসাঃ নাহিদ আক্তার লিটি, স্বামীঃ ফরিদ আহমেদ
গ্রামঃ উত্তর মুরাদিয়া, ডাকঘরঃ মুরাদিয়া, উপজেলাঃ দুমকি, জেলাঃ পটুয়াখালী।
২) সভাপতি- গভার্ণিং বডি, উত্তর মুরাদিয়া দারুসসুন্নাত আলিম মাদরাসা, দুমকী, পটুয়াখালী।
৩) অধ্যক্ষ, উত্তর মুরাদিয়া দারুসসুন্নাত আলিম মাদরাসা, দুমকী, পটুয়াখালী।

**অনুলিপিঃ**

১. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২. অফিস কপি।